

পদক্ষেপ বাংলাদেশের অন্যতম শীর্ষস্থানীয় উন্নয়ন সংস্থা, ১৯৮৬ সাল থেকে কার্যক্রম পরিচালনা করে আসছে। সক্ষমতা উন্নয়ন, অর্থায়ন সহযোগিতা এবং বাজার সংযোগ-এই সমন্বিত উন্নয়ন কৌশল (HDA) এর মাধ্যমে সংস্থাটি ১ কোটিরও বেশি উপকারভোগীর জীবনমানের পরিবর্তন করেছে এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ৪০ বছরের পরিবর্তনের ঐতিহ্য নিয়ে, পদক্ষেপ এর রয়েছে ৭৫০টিরও বেশি অফিসের একটি নেটিওয়ার্ক এবং ১১,০০০ এর বেশি কর্মীর একটি পরিবার। পদক্ষেপ এ রয়েছে একটি সম্ভাবনাময় ক্যারিয়ার গড়ার অনন্য সুযোগ। পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (MRA) কর্তৃক লাইসেন্স প্রাপ্ত (লাইসেন্স নং ০০৯৮১-০০৪৬৮-০০০৯৫) এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর শ্রেষ্ঠ সহযোগী সংস্থা হিসেবে পুরস্কারপ্রাপ্ত একটি বেসরকারি উন্নয়ন সংস্থা।

কমিউনিটি ম্যানেজার-১ (CM-1) পিএমএফ (পদক্ষেপ মাইক্রোফাইন্যান্স)

পদ সংখ্যা : ২০০টি

প্রার্থীর বয়স : ২৪ থেকে ৩২ বছর

কর্মস্থল : পদক্ষেপের ব্রাঞ্চ অফিসসমূহ (বাংলাদেশের যেকোনো স্থানে কাজ করার মানসিকতা থাকতে হবে)

দায়িত্বের সংক্ষিপ্ত বিবরণ

- এলাকা জরিপ, সমিতি গঠন, সমিতি পরিচালনা, সমিতির সদস্যদের মাঝে ঋণ বিতরণ, ঋণ আদায়, সঞ্চয় সংগ্রহ, LEAP, রেমিটিয়াল প্রভৃতি কার্যক্রম বাস্তবায়ন।
- এছাড়া সমিতি, এলাকা/কমিউনিটি পর্যায়ে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি সহ বিভিন্ন সামাজিক উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা।

শিক্ষাগত যোগ্যতা

কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পাশ। শিক্ষা জীবনের যে কোনো দুটি পাবলিক পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের সিজিপিএ/জিপিএ ও মাত্রার স্কেলে ২.৫০ এবং ৪ মাত্রার স্কেলে ২.২৫ থাকতে হবে।

অতিরিক্ত যোগ্যতা

কম্পিউটারে MS Office বিষয়ক কাজ জানা আবশ্যিক। মোটরসাইকেল চালানোর বৈধ লাইসেন্স ও ব্যক্তিগত মোটরসাইকেল থাকলে প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে এবং সেক্ষেত্রে সংস্থার নীতিমালা অনুসারে প্রযোজ্য জ্বালানী ভাতা প্রদান করা হবে। উল্লেখ্য, নিয়মিত অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের আবেদন করার প্রয়োজন নেই।

বেতন/ভাতা ও আনুষঙ্গিক সুবিধাদি

৩ মাসের প্রশিক্ষণার্থী হিসাবে ব্রাঞ্চের কাজ হাতে কলমে শিখবে এবং ৩ মাস প্রশিক্ষণার্থী হিসেবে মাসিক ১৫,০০০ টাকা প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। সফলভাবে ৩ মাসের প্রশিক্ষণ শেষে মূল্যায়নের ভিত্তিতে ৩ মাসের জন্য শিক্ষানবীশ হিসেবে নিয়োগ দেওয়া হবে। শিক্ষানবিশকালে মাসিক মোট বেতন (লাঞ্চভাতা ও মোবাইল বিল সহ) ২৬,৬৫০ টাকা। এবং চাকুরি নিয়মিতকরণের পর (লাঞ্চভাতা, মোবাইল বিল ও সিপিএফ সহ) ২৯,৯৫০ টাকা প্রাপ্য হবে। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বেতন আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে।

অনলাইনে আবেদনের নিয়ম

আগ্রহী প্রার্থীদের আবেদনপত্র, হালনাগাদ সিভি, রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ, নাগরিকত্ব সনদ এবং সকল শিক্ষাগত সনদের স্ক্যান কপি সংযুক্ত করে career@padakhep.org ঠিকানায় ই-মেইলের মাধ্যমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। নারী প্রার্থীদের আবেদন করতে বিশেষভাবে উৎসাহিত করা হচ্ছে।

আবেদনের শেষ তারিখ: ২৫/১০/২০২৬ খ্রিস্টাব্দ।

